## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(১) ধারা মোতাবেক

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

**মোকাম: অর্থঋণ আদালত নং- ০১, ঢাকা।**
**অর্থজারী মোকদ্দমা নং- ৪৮১/২০২৩**

**বেসিক ব্যাংক লিমিটেড, দিলকুশা শাখা** সাবেক ঠিকানা: ১৩, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০। বর্তমান টিকানা: ১৪, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০। -------**ডিক্রীদার।**

**বনাম**

১। **M/S. Trusted Dredging Company,** প্রতিনিধিত্বে উহার স্বত্তাধিকারী জনাবা হাবীবা রহমান (হ্যাপী), স্বামী- মো: মাহাবুবুর রহমান, অফিস: লেভেল নং- ০৪, স্যুট নং- এফ, ৩৯, মজুমদার হাউজ, পুরানা পল্টন, ঢাকা- ১২১৭, বর্তমান ঠিকানা: বাসা নং- ১৪৮১/এ, খিলগাঁও, পোষ্ট: খিলগাঁও- ১২১৯, থানা- খিলগাঁও, জেলা- ঢাকা। করেসপন্ডেন্স ঠিকানা- ট্রেজারী আইল্যান্ড, ৫ম তলা, ৪২/৪৩, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা এবং ফ্ল্যাট নং- ৪০৪, বাড়ী নং- ৮৮, রোড নং- ১৫ (পুরাতন), ৮/এ, (নতুন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯।
২। জনাবা হাবীবা রহমান (হ্যাপী), স্বত্তাধিকারী **M/S. Trusted Dredging Company,** স্বামী- মো: মাহাবুবুর রহমান, পিতা- আব্দুল বারেক আকন, অফিস: লেভেল নং- ০৪, স্যুট নং- এফ, ৩৯, মজুমদার হাউজ, পুরানা পল্টন, ঢাকা- ১২১৭, স্থায়ী ঠিকানা: বাসা নং- ১৪৮১/এ, খিলগাঁও, পোষ্ট: খিলগাঁও- ১২১৯, থানা- খিলগাঁও, জেলা- ঢাকা। বর্তমান ঠিকানা: ফ্ল্যাট নং- ৪০৪, বাড়ী নং- ৮৮, রোড নং- ১৫ (পুরাতন), ৮/এ (নতুন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯ এবং রোড নং- ০৭, হাউজ নং- ০৩, ব্লক- সি, নিকেতন, গুলশান, ঢাকা- ১২১২। করেসপন্ডেন্স ঠিকানা- ট্রেজারী আইল্যান্ড, ৫ম তলা, ৪২/৪৩, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা।
৩। জনাব মো: মাহাবুবুর রহমান, পিতা- মৃত মো: করিম হাওলাদার, বর্তমান ঠিকানা: ট্রেজারী আইল্যান্ড, ৫ম তলা, ৪২/৪৩, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকা। স্থায়ী ঠিকানা: গ্রাম ও পোষ্ট: তেলিহাতি, থানা- ভান্ডারিয়া, জেলা- পিরোজপুর। করেসপন্ডেন্স ঠিকানা: ফ্ল্যাট নং- ৪০৪, বাড়ী নং- ৮৮, রোড নং- ১৫ (পুরাতন), ৮/এ (নতুন), ধানমন্ডি, ঢাকা- ১২০৯ এবং রোড নং- ০৭, হাউজ নং- ০৩, ব্লক- সি, নিকেতন, গুলশান, ঢাকা- ১২১২।
৪। জনাব খলিলুর রহমান, পিতা- আজিজ হাওলাদার, মাতা- শাহেদা বেগম, স্থায়ী ঠিকানা: বাসা নং- ১৫৪, স্বাধীনতা স্মরণী, পূর্ব বাড্ডা, ডাকঘর, গুলশান- ১২১২, বাড্ডা, ঢাকা। বর্তমান ঠিকানা: চ- ১০৩/১, উত্তর বাড্ডা, থানা- বাড্ডা, জেলা- ঢাকা। --------**দায়িকগণ।**

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ১৫/০৯/২০২৩ ইং তারিখ পর্যন্ত **৫,১৫,৮৭,৮৪২.২২ (পাঁচ কোটি পনের লক্ষ সাতাশি হাজার আটশত বিয়াল্লিশ দশমিক দুই দুই))** টাকা আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তি সহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহ্বান করা যাইতেছে। **আগামী ০৬/০২/২০২৪ ইং** তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিষ্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

## নিলামের শর্তাবলী

১। **আগামী ০৬/০২/২০২৪ ইং** তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।
২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।
৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সম-পরিমাণ টাকা জামানত স্বরূপ জজ অর্থঋণ আদালত নং- ০১, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।
৫। দরদাতার অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ **০৬/০২/২০২৪ ইং** তারিখ বিকেল ২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।
৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৮। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভুমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায় দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবেনা। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।
৯। উপরে বর্ণিত ক্রমিক নং- ৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমম্বয় করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন- ২০০৩ এর ধারা ৩৩ (৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবে, এবং দ্বিতীয় সর্বোচ্চ দর দাতা আহুত হইবার পর উক্ত আইনের উপ-ধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমম্বয় করিবার জন্য প্রদান করা হইবে।
১০। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তি গুণ, মান, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
১১। দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।
১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।
১৩। সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করিতে হইবে।
১৪। আইনের বিধান মতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পণের ব্যবস্থা করা হইবে।
১৫। নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

## = সম্পত্তির তফসিল =

জিলা- ঢাকা, থানা- রমনা, সাব রেজিষ্ট্রী অফিস- সদর, মৌজা- বড় মগবাজার, জে, এল, নং- সি.এস- ২৮০, আর, এস- ১, সি.টি জরীপ- ২, খতিয়ান নং- সি.এস- ২১৩, এস.এ- ২৯১, আর.এস- ৮২, সিটি জরীপ- ১৯৪০, নামজারী খতিয়ান নং- ৫৯৯৩, জোত নং- ৫৯৮৩, দাগ নং- সি.এস- ২০৭/৪৮৮, এস.এ- ৬১৬ ও ৬১৯, আর.এস- ২০১৬ ও ২০১৭, সিটি জরীপ- ৪৪৫০, জমির পরিমান- ৫১০ অযুতাংশ, ইহার মধ্যে অবিভক্ত ও অচিহ্নিত ৩০০ (তিনশত) অযুতাংশ ও তদস্থিত নির্মিত ৬ (ছয়) তলা বিশিষ্ট বাড়ীর ২য় তলার উত্তর পার্শের ফ্ল্যাট, তৃতীয় তলার দক্ষিণ পার্শের ফ্ল্যাট, ৪র্থ তলার উত্তর পার্শের ফ্ল্যাট, ৫ম তলার উত্তর ও দক্ষিণ পার্শের ফ্ল্যাট, ৬ষ্ঠ তলার দক্ষিণ পার্শের ফ্ল্যাট, নীচ তলার ফ্ল্যাটের পশ্চিম পার্শের ৬০% অর্থাৎ ৫৪০ বর্গফুট, সর্বমোট ৬৫৪০ (ছয় হাজার পাঁচশত চল্লিশ) বর্গফুট ও গাড়ির গ্যারেজের অর্ধেকাংশ সহ অন্যান্য যৌথ সুবিধাদী, যাহার ঢাকা সিটি কর্পোরেশন হোল্ডিং নং- ৪৪, দিলু রোড, মগবাজার, ঢাকা। যাহার চৌহদ্দি: উত্তরে- ফরিদা বেগম এবং অন্যান্য, দক্ষিনে- আনোয়ারা বেগম এবং অন্যান্য, পূর্বে- মোজাফফর হোসেন এবং পশ্চিমে- আমিনুল হক এবং অন্যান্য।

**আদেশক্রমে- সেরেস্তাদার**
অর্থঋণ আদালত নং- ০১, ঢাকা।

দৈনিক আলোকিত বাংলাদেশ এবং দৈনিক খোলা কাগজ
প্রকাশের তারিখ: ০৪/০১/২০২৪ইং